দৈনিক বাংলা

তারিখ ...19.OCT.1992 ... ...
পৃষ্ঠা... ..(৩)... কলাম ...(৫)... ...

09

# ৪০টি বয়স্ক শিক্ষা কেন্দ্র বন্ধের পথে

নিজস্ব প্রতিনিধি : দিনাজপুর, ১৮ অক্টোবর। – শিক্ষা উপকরণের অভাব ও শিক্ষকদের বেতন না হওয়ায় বিরল থানার ৪০টি বয়স্ক শিক্ষা কেন্দ্র বন্ধ হয়ে যাবার পথে।

চলতি বছরের মে মাস থেকে সরকারী উদ্যোগে দিনাজপুরের বিরল থানার বিভিন্ন গ্রামে ৪০টি বয়স্ক শিক্ষা কেন্দ্র খোলা হয়। এজন্য মাসিক ৪শ টাকা বেতনে ২০ জন মহিলা ও ২০ জন পুরুষ মোট ৪০ জন শিক্ষক-শিক্ষিকা ছাড়াও তদারকির জন্য মাসে ১ হাজার টাকা বেতনে ৩ জন সুপারভাইজার নিয়োগ করা হয়।